

তারিখ: ০৫.০৪.২০১৭

বরাবর,

বার্তা সম্পাদক

দৈনিক/টেলিভিশন চ্যানেল

দৈনিক/ সাপ্তাহিক/ পাক্ষিক/ বাসস/ বিটিভি/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ দেশটিভি/ মাছরাঙা/ চ্যানেল '৭১/
একুশে টেলিভিশন/ বৈশাখী / জিটিভি/ বাংলা ভিশন/ সময় টেলিভিশন/ ইন্ডিপেন্ডেন্ট টেলিভিশন/ আরটিভি/ ডিডি
বাংলা- খাস খবর।

বিষয়: অদ্য চাঞ্চল্যকর গার্মেন্টস কর্মী হত্যা মামলার আসামীর মৃত্যুদন্ডের রায় ঘোষিত।

অদ্য ০৫.০৪.২০১৭ ইং তারিখ বাংলাদেশ মহিলা পরিষদ কর্তৃক ভিকটিম পক্ষে আইন সহায়তা প্রদানকৃত রাজধানীর শাহবাগ থানাধীন হাতিরপুলস্থ নাহার প্লাজায় গার্মেন্টস কর্মীকে ধর্ষণের পর হত্যা করে লাশ নির্মম, নৃশংসভাবে ২৬ টুকরা করার লোমহর্ষক, চাঞ্চল্যকর মামলার রায় ঘোষিত হয়েছে। মামলার সাক্ষ্যপ্রমাণাদি গ্রহণ শেষে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল নং- ৩, ঢাকা এর বিজ্ঞ বিচারক জয়শ্রী সমদার উক্ত মামলার রায় ঘোষণা করেন। মামলার আসামী মো. সাইদুজ্জামান বাচ্চু এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (সংশোধনী ২০০৩) এর ৯(২) ধারার অপরাধ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আসামী মো. সাইদুজ্জামান বাচ্চুকে ফাঁসিতে ঝুলিয়ে মৃত্যুদন্ডে দণ্ডিত করা এবং ১ লক্ষ টাকা অর্থদন্ডে দণ্ডিত করার আদেশ প্রদান করেন।

এই মামলায় ভিকটিমের মাতা শিরীনা বেগম এর আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ মহিলা পরিষদ ভিকটিম পক্ষে আইন সহায়তা প্রদান করে। আদালতে মামলা পরিচালনায় সহায়তাসহ সার্বিক সহায়তা বাংলাদেশ মহিলা পরিষদের পক্ষ হতে প্রদান করা হয়। বাংলাদেশ মহিলা পরিষদের পক্ষে আদালতে এ মামলা পরিচালনায় সহায়তা করেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট এস.এম.এ সবুর। অদ্য রায় ঘোষণাকালে আদালতে ভিকটিম গার্মেন্টস কর্মীর মাতা শিরীনা বেগম এবং বাংলাদেশ মহিলা পরিষদের পক্ষ হতে অ্যাড. এস.এম.এ সবুর, সংগঠনের যুগ্ম-সাধারণ সম্পাদক অ্যাড. রাখী দাশ পুরকায়স্থ, কেন্দ্রীয় লিগ্যাল এইড উপ-পরিষদের সিনিয়র আইনজীবী অ্যাড. দীপ্তি সিকদার, অ্যাড. রাম লাল রাহা উপস্থিত ছিলেন।

গার্মেন্টস কর্মীকে ধর্ষণের পর হত্যা করে লাশ নির্মম, নৃশংসভাবে ২৬ টুকরা করার লোমহর্ষক, চাঞ্চল্যকর মামলার রায়ে ন্যায়বিচার পাওয়ায় বাংলাদেশ মহিলা পরিষদ সন্তোষ প্রকাশ করেছে। দৃষ্টান্তমূলক এ রায় সমাজে অপরাধ সংঘটনের মানসিকতাসম্পন্ন মানুষের নিকট বার্তা পৌঁছে দিবে বলে সংগঠন মনে করে। পাশাপাশি পলাতক আসামীকে দ্রুত খুঁজে বের করে বিজ্ঞ আদালতের রায় দ্রুত কার্যকর করার বিষয়ে এই সংগঠন সরকার ও সংশ্লিষ্ট প্রশাসনের নিকট জোর দাবি জানাচ্ছে।

উল্লেখ্য যে, রাজধানীর শাহবাগ থানাধীন হাতিরপুলস্থ নাহার প্লাজায় মো. সাইদুজ্জামান বাচ্চু কর্তৃক গার্মেন্টস কর্মীকে ধর্ষণের পর হত্যা করে লাশ নির্মম, নৃশংসভাবে ২৬ টুকরা করার লোমহর্ষক ঘটনা ঘটে। ঘটনার দিন বিকালে উক্ত গার্মেন্টস কর্মীকে আসামী মো. সাইদুজ্জামান বাচ্চু মিরপুর থেকে তার শাহবাগ থানাধীন হাতিরপুলস্থ নাহার প্লাজার অফিসে নিয়ে আসে। সেখানে গার্মেন্টস কর্মীকে ধর্ষণের পর হত্যা করে আলামত গোপন করার উদ্দেশ্যে লাশ ২৬ টুকরা করার নৃশংস, লোমহর্ষক ঘটনা ঘটে। এ ঘটনায় ২/০৬/২০১২ ইং তারিখ রাজধানীর শাহবাগ থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (সংশোধনী ২০০৩) এর ৯(২) তৎসহ দণ্ডবিধির ২০১ ধারা'য় মামলা রুজু হয়। মামলার তদন্ত শেষে তদন্ত কর্মকর্তা বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিল করেন।

বার্তা প্রেরক-

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ

কেন্দ্রীয় কমিটি